টানা ৪০ দিন জামাতে নামাজ পড়ে পুরস্কার পেলেন কানাইঘাট তালবাড়ীর ১২ জন মুসল্লি

চেম্বার প্রতিবেদক::

মুসল্লিদের নামাজের প্রতি আকৃষ্ট করতে পুরস্কারের ঘোষণা দিয়েছিলেন আমেরিকা প্রবাসী বিশিষ্ট সমাজসেবী কয়েস আহমদ।
সেই ঘোষণায় আকৃষ্ট হয়ে টানা ৪০ দিন জামাতে নামাজ পড়ে পুরস্কার জিতে নিয়েছেন সিলেটের কানাইঘাট উপজেলার রাজাগঞ্জ ইউনিয়নের তালবাড়ী গ্রামের তালবাড়ী কেন্দ্রীয় জামে মসজিদের ১২ জন মুসল্লি। টানা ৪০ দিন পাঁচ ওয়াক্ত নামাজ জামাতের (তাকিবরে উলাসহ, নামাজের প্রথম তাকবির) সঙ্গে আদায় করে নগদ অর্থ পুরস্কার পেয়েছেন তারা। পুরস্কারের সর্বমোট নগদ অর্থের পরিমাণ ৫০ হাজার টাকা। পুরস্কারপ্রাপ্তদের মধ্যে শিশু-কিশোর থেকে শুরু করে যুবক ও বৃদ্ধরাও রয়েছেন।
বুধবার (১২ জানুয়ারি) তালবাড়ী কেন্দ্রীয় জামে মসজিদে ওই ১২ জন কিশোরের হাতে পুরস্কারের নগদ অর্থ তুলে দেওয়া দেওয়া হয়। এসময় এলাকার গণ্যমান্য ব্যক্তিরা উপস্থিত ছিলেন।
তালবাড়ী জামেয়া ইসলামিয়া ইউসুফিয়া তালবাড়ী মাদরাসার ভাইস প্রিন্সিপাল মাওলানা শরীফ আহমদের সভাপতিত্বে অনুষ্টানে প্রধান অতিথি ছিলেন গাছবাড়ী জামিউল উলূম কামিল মাদরাসার সহকারী অধ্যাপক ড.ইব্রাহীম আলী। বিশেষ অতিথি ছিলেন তালবাড়ী জামেয়া ইসলামিয়া ইউসুফিয়া তালবাড়ী মাদরাসার আরবী প্রভাষক মাওলানা ইমরান আহমদ, উদ্যোক্তা আমেরিকা প্রবাসী কয়েস আহমদ।

মুসল্লিদের নামাজের প্রতি আকৃষ্ট করে মসজিদমুখি করার লক্ষ্যে আয়োজিত এমন উদ্যোগকে স্বাগত জানিয়েছেন এলাকার জনগণ।